# উপজেলা পরিষদ
## বাজিতপুর, কিশোরগঞ্জ

বিষয় : বাজিতপুর উপজেলা পরিষদের ৩৩৮তম মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি : জনাব মোঃ রকিবুল হাসান শিবলী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাজিতপুর, কিশোরগঞ্জ।

স্থান : উপজেলা পরিষদে হলরুম।

তারিখ : ১৯ জুন ২০২২ খ্রিস্টাব্দ, সময়ঃ বেলা ১১.০০ টা।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'খ' তে দেখানো হয়েছে।

সভার প্রারম্ভে সভার সম্মানিত সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানান এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের মে/২০২২ মাসের কার্যক্রম নিম্নোক্ত ক্রমানুযায়ী বিস্তারিতভাবে আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, মে/২২ মাসে তার প্রতিষ্ঠানে ওটি সেবা চালু হয়েছে এবং ইতিমধ্যে ১৫টি সিজার করা হয়েছে। তিনি জানান, কোভিড-১৯ ভ্যাকসিনের বুস্টার ডোজ চালু রয়েছে। ভিটামিন এ+ ক্যাম্পেইন ১৫-১৯ জুন অনুষ্ঠিত হয়। এছাড়াও তিনি বলেন যে, তার কার্যালয়ের আউটডোরে চুরির প্রবণতা বৃদ্ধি পেয়েছে। তিনি তার কার্যালয়ের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার দাবি জানান। | স্বাস্থ্য কমপ্লেক্সে ওটি সেবা চালু হওয়ায় উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে ধন্যবাদ জানানো হয়। সন্তান প্রসবজনিত সিজারিয়ানের পরিমাণ কমিয়ে আনতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাকে অনুরোধ জানানো হয়। তাছাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে অফিসার ইনচার্জ, বাজিতপুর থানাকে অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ।<br>২। অফিসার ইনচার্জ, বাজিতপুর থানা। |
| ০২ | উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে বাজিতপুর উপজেলায় উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ও এডিপি'র অর্থায়নে চলমান প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা হবে।<br>তিনি আরো জানান যে, বাজিতপুর উপজেলা পরিষদ কমপ্লেক্স এর আবাসিক কোয়ার্টারগুলোর মে/২০২২ মাস পর্যন্ত বকেয়া বিদ্যুৎ বিলের পরিমাণ ১১,০০,২৬৩/- (এগার লক্ষ দুইশত তেষট্টি) টাকা। তিনি জরুরিভিত্তিতে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের অনুরোধ জানান।<br>এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় জানান। | ১। ২০২১-২০২২ অর্থ বছরের চলমান প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্যেই গুণগতমান বজায় রেখে সম্পন্ন করতে হবে।<br>২। বাজিতপুর উপজেলা পরিষদ কমপ্লেক্স এর আবাসিক কোয়ার্টারগুলোর বকেয়া বিদ্যুৎ বিল জরুরিভিত্তিতে পরিশোধ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, বাজিতপুর |
| ০৩ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, বাজিতপুর উপজেলার কয়েকটি ইউনিয়নে সাম্প্রতিক বন্যায় কিছু পুকুর ডুবে গেছে। যে সকল ইউনিয়নে পুকুর ডুবে গেছে সে সকল ডুবে যাওয়া পুকুরের তথ্যাদি উপজেলা মৎস্য অফিসে প্রেরণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। ক্ষয়ক্ষতির বরাদ্দ পাওয়া সাপেক্ষে যাচাই বাছাই করে ক্ষতিগ্রস্থ চাষিদেরকে ক্ষতিপূরণ প্রদান করা হবে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে মর্মে তিনি সভায় জানান। | বন্যায় ক্ষতিগ্রস্থ মৎস্যচাষিদের ক্ষতিপূরণ প্রদানের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ ক্ষতিগ্রস্থ পুকুর মালিকদের তথ্যাদি উপজেলা মৎস্য অফিসে প্রেরণ নিশ্চিত করবেন। | ১। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ।<br>২। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, বাজিতপুর। |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক রয়েছে। ইউরিয়া: ২০ মে.টন, টিএসপি: ২৫ মে.টন, এমওপি: ২৫ মে.টন, ডিএপি: ৪০ মে.টন। মাঠ ফসলের বর্তমান অবস্থা ভাল এবং রোগ ও পোকামাকড় থেকে ফসল রক্ষার জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে কৃষকদের পরামর্শ প্রদান করছেন। চলতি খরিপ-১/২০২১-২২ মৌসুমে ১৪০০ জন কৃষকের মাঝে আউশ প্রণোদনার সার ও বীজ বিতরণ করা হয়েছে। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে মর্মে তিনি সভায় জানান। | মাঠে ফসলের রোগ ও পোকামাকড় থেকে ফসল রক্ষার জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ কর্তৃক মাঠ পর্যায়ে কৃষকদের পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, আগামী ১৯ জুন/২২খ্রি. তারিখ হতে সারা দেশের ন্যায় বাজিতপুর উপজেলায় এসএসসি/দাখিল/এসএসসি(ভোক) পরীক্ষা/২০২২ অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে সুষ্ঠু, সুন্দর ও সম্পূর্ণ নকলমুক্ত ও গুজবমুক্তভাবে পরীক্ষা অনুষ্ঠানের জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সকল প্রস্তুতি সম্পন্ন করেছে। চলতি ২০২২ শিক্ষাবর্ষে বাজিতপুর উপজেলায় এসএসসি-২০৭৪ জন, দাখিল-২৫৩ জনসহ সর্বমোট-২৪০৫ জন পরীক্ষার্থী উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করবে। তিনি স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সম্পূর্ণ গুজবমুক্তভাবে উক্ত পরীক্ষা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরো জানান যে, গত এক মাসে বাজিতপুর উপজেলায় এনটিআরসিএ কর্তৃক সুপারিশ প্রাপ্ত মোট ০৬জন শিক্ষক নিয়োগ করা হয়েছে এবং তাদের এমপিওভুক্তির জন্য সুপারিশ করা হয়েছে।<br>এছাড়াও তিনি বলেন, গণিত ও ইংরেজী বিষয়ে গত এক মাসে ২৭জন শিক্ষককে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ দেয়া হয়েছে। তিনি তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুন্দরভাবে চলছে মর্মে সভায় জানান। | সুষ্ঠু সুন্দর ও সম্পূর্ণ নকল মুক্ত ও গুজবমুক্ত ভাবে পরীক্ষা অনুষ্ঠারের জন্য শিক্ষা প্রতিষ্ঠান সমূহের প্রধানগণ ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে অনুরোধ করেন। সকল পরীক্ষা দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাজিতপুর ও পরীক্ষায় সম্পৃক্ত সকল কর্মকর্তাগণ |
| ০৬ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, ১৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা করে মাইনর মেরামতের বরাদ্দ পাওয়া গেছে এবং ১০টি বিদ্যালয়ের জন্য Need based playing accessories বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দপ্রাপ্ত বিদ্যালয়সমূহের উন্নয়নমূলক কার্যক্রম চলমান রয়েছে। শিক্ষার্থীদের উপবৃত্তি অনলাইনে প্রদানের নিমিত্ত তথ্য প্রদান কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বরাদ্দকৃত অর্থ ও অন্যান্য সরঞ্জামসমূহ সরকারি নির্দেশনা মোতাবেক উপযুক্ত ব্যবহার নিশ্চিত করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, বাজিতপুর |
| ০৭ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা মে/২২ খ্রি. মাসের কার্যক্রম উপস্থাপন করেন- স্থায়ী পদ্ধতিঃ মহিলা-২৬জন, পুরুষ-নাই। দীর্ঘমেয়াদী পদ্ধতি: ইমপ্ল্যানন-১৭জন, আইইউডি-০৯জন, অস্থায়ী পদ্ধতি (বিতরণ): খাবার বড়ি ২০৯৬৫ জন, কনডম: ৩৬৩৫ জন, ইনজেকশন: ৪২৬৮জন। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক ডেলিভারীর সংখ্যা ২৩টি। সি.এ.বি.এ/পরিবার কল্যাণ সহকারী দ্বারা বাড়িতে ডেলিভারীর সংখ্যা ১৪টি। এছাড়া আর ও গর্ভবর্তী, প্রসূতি সেবা, কিশোর-কিশোরী, ০-৫ বছরের শিশু সেবা, সাধারণ রোগী, জন্ম নিয়ন্ত্রণ সেবাসহ পরিবার পরিকল্পনা অন্যান্য সেবা প্রদান করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ। |
| ০৮ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বাজিতপুর উপজেলার জন্য বোরো/২০২২ মৌসুমে ১৭২১ মে.টন ধান, ৩২৭৮ মে.টন চাল ও ৩৩ মে.টন গম সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। গত ১২.০৬.২০২২ তারিখ পর্যন্ত ২৭ মে.টন ধান ও ১১৩০ মে.টন চাল ক্রয় করা হয়েছে। আগামী ৩১ আগষ্ট পর্যন্ত অ্যাপের মাধ্যমে নিবন্ধিত কৃষকের নিকট থেকে সরাসরি ধান ক্রয় কার্যক্রম চলবে। এছাড়াও তিনি জানান, খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজ প্রণয়নের কার্যক্রম চলতি মাস থেকে শুরু হবে। | ১। লক্ষ্যমাত্রা অনুযায়ী ধান, চাল ও গম সংগ্রহ শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে। পরবর্তী মাসিক সভায় আবশ্যিকভাবে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>২। খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় সুষ্ঠুভাবে ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বাজিতপুর, কিশোরগঞ্জ। |
| ০৯ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, মুজিববর্ষ উপলক্ষে আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় নির্মিত গৃহসমূহে পুনর্বাসিত পরিবারগুলোর বিশুদ্ধ পানি ব্যবহার নিশ্চিত করার জন্য বিভিন্ন প্রকল্প এলাকায় স্থাপিত নলকূপসমূহ সচল রয়েছে।<br>তিনি আরো জানান, এ উপজেলার হাওড় অঞ্চলের (হিলচিয়া, দিঘীরপাড়, কৈলাগ, বলিয়ার্দী, মাইজচর ও হুমাইপুর) ইউনিয়নে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের আওতায় স্যানিটেশন সুবিধার টেকসই প্রযুক্তি প্রবর্তন ও স্থানীয় জনগণের সচেতনতা বৃদ্ধিকরণের উদ্দেশ্যে কমিউনিটি পর্যায়ে ইমপ্রুফ ল্যাট্রিন নির্মাণ করা হবে। এর পরিপ্রেক্ষিতে ইমপ্রুফ ল্যাট্রিন নির্মাণের লক্ষ্যে উপযুক্ত স্থান নির্ধারণপূর্বক তালিকা উপজেলা পরিষদ | ১। মুজিববর্ষ উপলক্ষে আশ্রয়ণ-২ প্রকল্পে স্থাপিত নলকূপসমূহ নিয়মিত মনিটরিং করতে হবে।<br>২। উল্লিখিত ইউনিয়নসমূহে স্যানিটেশন সুবিধার টেকসই প্রযুক্তি প্রবর্তন ও স্থানীয় জনগণের সচেতনতা বৃদ্ধিকরণের উদ্দেশ্যে ইমপ্রুফ ল্যাট্রিন কমিউনিটি পর্যায়ে নির্মাণ করা জন্য স্থান নির্ধারণপূর্বক তালিকা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ উপজেলা পরিষদ ও জনস্বাস্থ্য | ১। সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য), বাজিতপুর।<br>২। চেয়ারম্যান, সকল ইউপি, বাজিতপুর। |

<table>
<tr><td></td><td></td><td>ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে প্রেরণ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।</td><td>প্রকৌশল অধিদপ্তরে জরুরীভিত্তিতে প্রেরণ নিশ্চিত করবেন।</td><td></td></tr>
<tr><td>১১</td><td>উপজেলা সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় অফিসার জানান যে, ২০২০-২০২১ বর্ষের ১০৭টি সমবায় সমিতি নিরীক্ষার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তন্মধ্যে মে/২২ মাসের লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০৭টি সমবায় সমিতির অডিট সম্পন্ন হয়েছে। বাজিতপুর কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ এর ২০২০-২০২১ অর্থবছরের ৩৬টি সমবায় সমিতির পরিদর্শন লক্ষমাত্রা অনুযায়ী ৩৩টি সমবায় সমিতি পরিদর্শন সম্পন্ন হয়েছে। বাজিতপুর কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ এর ২০২০-২০২১ ইং সনের ধার্যকৃত অনাদায়ী নিরীক্ষা ফি ১,৪০০/- টাকা, ভ্যাট ২২১/- টাকা ও সমবায় উন্নয়ন তহবিল ৪১৯/- টাকা আদায় করে সংশ্লিষ্ট খাতে পরিশোধ করা হয়েছে। তাছাড়া সমবায় বিভাগীয় ২৫টি প্রাথমিক সমবায় সমিতি নিরীক্ষা ফি ৪৯,১৫০/- টাকা, ভ্যাট ৭,৩৭৯/- টাকা ও সমবায় উন্নয়ন তহবিল ১৪,৮৫৪/-টাকা আদায় করে সংশ্লিষ্ট খাতে পরিশোধ করা হয়েছে। ২০২০-২০২১ বর্ষের লক্ষমাত্রা অনুযায়ী ০৪টি ভ্রাম্যমান প্রশিক্ষণ ১০০জন সমবায়ীর মধ্যে প্রদান করা হবে। ইতোমধ্যে ০৪টি প্রশিক্ষণের মাধ্যমে ১০০জন সমবায়ীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক যথানিয়মে হচ্ছে বলে জানান।</td><td>বাজিতপুর উপজেলাধীন সমবায় সমিতির কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, বাজিতপুর।</td></tr>
<tr><td>১২</td><td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। তিনি তার কার্যালয়ের মে/২০২২ মাসের কার্যক্রমে অগ্রগতি প্রতিবেদন নিম্নরুপ-<br>
<table>
<tr><th>ক্র নং</th><th>বিবরণ</th><th>টাকা/জন</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>মূল ঋণ তহবিল</td><td>২৫৩৮৮০০</td><td></td></tr>
<tr><td>২</td><td>মোট ঋণ তহবিল</td><td>৭৪০৯৩৭৪</td><td></td></tr>
<tr><td>৩</td><td>মূল ঋণ বিতরন</td><td>৩৫৪০৬০০০</td><td></td></tr>
<tr><td>৪</td><td>মূল ঋণ আদায়</td><td>২৯৪০২৫৫৩</td><td></td></tr>
<tr><td>৫</td><td>আদায়ের হার</td><td>৯১%</td><td></td></tr>
<tr><td>৬</td><td>মোট খেলাপী ঋণ</td><td>১৯৬৮১৬৬/-</td><td>খেলাপী আদায়- ১১৪০০/- টাকা</td></tr>
<tr><td>৭</td><td>মোট উপকারভোগীর সংখ্যা</td><td>৯৮৫জন</td><td></td></tr>
<tr><td>৮</td><td>চলমান উপকারভোগীর সংখ্যা</td><td>২৮০জন</td><td></td></tr>
<tr><td>৯</td><td>মোট ঋণ সংখ্যা</td><td>১৪৭৪জন</td><td></td></tr>
<tr><td>১০</td><td>মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা</td><td>৬৬৯২জন</td><td></td></tr>
<tr><td>১১</td><td>মোট আত্মকর্মী সংখ্যা</td><td>৪৫৭৬জন</td><td></td></tr>
<tr><td>১২</td><td>অনুমোদিত জনবল</td><td>০৭জন</td><td></td></tr>
<tr><td>১৩</td><td>বিদ্যমান জনবল</td><td>০৫জন</td><td></td></tr>
</table></td><td>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, বাজিতপুর।</td></tr>
<tr><td>১৩</td><td>উপজেলা আনসার ও ভিডিপি অফিসার</td><td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, গত ১২/০৬/২০২২ তারিখে বাজিতপুর উপজেলায় আনসার ও ভিডিপি সমাবেশ/২০২২ সফলভাবে আয়োজন করা হয়েছে। উক্ত সমাবেশে ইউনিয়ন দলনেতা/দলনেত্রী, ওয়ার্ড দলনেতা/দলনেত্রী, উপজেলা কোম্পানী কমান্ডার-বিভিন্ন গার্ডের অঙ্গীভূত পিসি/এপিসি/আনসার সদস্য এবং বিভিন্ন ইউনিয়ন থেকে আগত ভিডিপি সদস্য সর্বমোট ২০০ জন সদস্য উপস্থিত ছিল। উপস্থিত সদস্যদের মধ্যে ০৩টি বাই-সাইকেল, ০৯টি ছাতা ও ৩২ সাধারণ পুরষ্কার বিতরণ করা হয় এছাড়া তাদের মাঝে সম্মানী ভাতা বিতরণ করা হয়। তার দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে মর্মে সভায় জানান।</td><td>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।</td><td>উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, বাজিতপুর।</td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, এ উপজেলায় ১১টি ইউনিয়নের ভিজিডি কর্মসূচীর ২০২১-২০২২ চক্রের মে/২২ মাসের ভিজিডি খাদ্য শস্য বিতরণ সম্পন্ন হয়েছে। তিনি আরো জানান, মহিলাদের জন্য আইজিএ প্রকল্পের আওতায় আয়বর্ধক প্রশিক্ষণের ১৪-১৫ তম ব্যাচের ক্লাস চলমান আছে।<br>বাজিতপুর উপজেলার দরিদ্র মার জন্য মাতৃত্ব ভাতা ভাতাভোগীদের নিজ নিজ হিসাব মাধ্যমে টাকা পাচ্ছে।</td><td>১। খাদ্য শস্য ও ভাতা বিতরণ কার্যক্রম, মহিলাদের আয়বর্ধক প্রশিক্ষণসহ যাবতীয় কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক পরিচালনা করতে হবে।</td><td>উপজেলা মহিলা বিষয়ক অফিসার, বাজিতপুর।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | বাজিতপুর পৌরসভার কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল এর ভাতাভোগীদের নিজস্ব হিসাব নম্বরে টাকা পাচ্ছে।<br>বাজিতপুর উপজেলায় নারী নির্যাতন সংক্রান্ত আদালত হতে কোন মামলা পাওয়া যায়নি। স্থানীয়ভাবে ০২টি মামলা পাওয়া যায়। এছাড়াও মে/২২ মাসে কোন বাল্য বিবাহের সন্ধান পাওয়া যায়নি।<br>বাজিতপুর উপজেলার ১২টি কিশোর কিশোরী ক্লাব রয়েছে। যা ছুটির দিন শুক্রবার ও শনিবার ক্লাস করানো হয়। দূরত্ব বজায় রেখে ক্লাস নেওয়া হচ্ছে। | ২। আদালত হতে নারী নির্যাতন সংক্রান্ত যে কোন মামলা পাওয়া গেলে তা নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠুভাবে তদন্তপূর্বক মামলা নিষ্পত্তিতে ভূমিকা রাখতে হবে।<br>৩। বাল্যবিবাহ বিষয়ে জনপ্রতিনিধিদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, পল্লী উন্নয়নে বিভিন্ন আইজিএভিত্তিক দক্ষতামূলক প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। বিভিন্ন প্রকল্প/কর্মসূচীতে ২০.৫০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ঋণ আদায় করা হয়েছে ১১.৮০ লক্ষ টাকা। বর্তমানে বকেয়ার পরিমাণ ১,২২,২০,০০০/- (এক কোটি বাইশ লক্ষ বিশ হাজার) টাকা। বীর মুক্তিযোদ্ধা প্রকল্পে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>সরকারী ঋণ আদায়ে দায়েরকৃত সার্টিফিকেট মামলা ২৪টির মধ্যে ০১টি মামলা নিষ্পত্তি হয়েছে। বর্তমানে মামলার সংখ্যা ২৩টি। তিনি সার্টিফিকেট মামলা সংক্রান্ত ঋণ আদায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তার সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে পরিচালিত হচ্ছে। | ঋণ দান ও ঋণ আদায় কার্যক্রম জোড়দার করতে হবে। তাছাড়া সার্টিফিকেট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করতে মামলার নির্ধারিত তারিখে খাতকের উপস্থিতি নিশ্চিত করার জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ। |
| ১৭ | উপজেলা বন বিভাগ | বাজিতপুর উপজেলার বিভিন্ন সংযোগ সড়কে ২০২১-২০২২ অর্থবছরে ৫ কি. মি. বন বাগান সৃজিত হয়েছে। আগামী অর্থ বছরে ২.০০ কি.মি. বন বাগান সৃজনের প্রাথমিক সিদ্ধান্ত গৃহিত হয়েছে। তিনি আরো জানান যে, বাজিতপুর উপজেলায় মোট ২৮টি করাত কল আছে। তন্মধ্যে লাইসেন্স প্রাপ্ত করাত কলের সংখ্যা ০৫টি। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | ফরেস্টার, উপজেলা বন বিভাগ, বাজিতপুর। |
| ১৮ | চেয়ারম্যান, বলিয়ারদী ইউনিয়ন | চেয়ারম্যান, বলিয়ারদী ইউপি জানান যে, বন্যায় বলিয়ারদী ইউনিয়ন পরিষদের সকল পুকুর ডুবে গেছে। এতে মৎস্যচাষিরা ব্যাপক ক্ষতির সম্মুখীন হয়েছে। তাছাড়া বন্যায় বহু কাঁচাঘর বাড়ি পানিতে ভেসে গেছে বলেও সভায় জানান। তাই বন্যায় ক্ষতিগ্রস্তদের সহায়তা প্রদানের জন্য সভায় প্রস্তাব করেন। | বন্যায় ক্ষতিগ্রস্থ মৎস্যজীবিদেরকে বরাদ্দ সাপেক্ষে সহায়তা প্রদান করতে হবে। | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, বাজিতপুর। |
| ১৯ | চেয়ারম্যান, সরারচর ইউনিয়ন | চেয়ারম্যান, সরারচর ইউপি জানান যে, সাম্প্রতিক বন্যায় তার এলাকার প্রচুর সংখ্যক পুকুর পানিতে তলিয়ে গেছে। ফলে মৎস্যচাষিরা ব্যাপক ক্ষতির সম্মুখীন হয়েছে। তিনি মৎস্যচাষিদের প্রয়োজনীয় ক্ষতিপূরণ প্রদানের জন্য সভায় অনুরোধ জানান। | বন্যায় ক্ষতিগ্রস্থ মৎস্যজীবিদেরকে বরাদ্দ সাপেক্ষে সহায়তা প্রদান করতে হবে। | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, বাজিতপুর। |

মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন যে, আজকের সভাটি অত্যান্ত গুরুত্বপূর্ণ। তিনি জানান যে, হঠাৎ করে বন্যা দেখা দেয়ায় এসএসসি পরীক্ষা স্থগিত করা হয়েছে। বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারীদের ছুটি স্থগিত করা হয়েছে। বন্যার সময় চিকিৎসা সেবা যাতে কোন ভাবে ব্যাহত না হয় সে জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে সিভিল সার্জনের সাথে নিয়মিত যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। তিনি সকল দপ্তরের কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে আসন্ন বন্যার জন্য প্রস্তুত থাকার নির্দেশ দেন। তিনি কৃষি কর্মকর্তাকে মাঠে ফসলের কি পরিমাণ ক্ষতি হয়েছে, এ বিষয়ে ক্ষতিগ্রস্থ কৃষকদের তালিকা করার জন্য নির্দেশ প্রদান করেন। প্রতিটি এলাকায় সরেজমিন উপস্থিত হয়ে এবং জনপ্রতিনিধিগণের সাথে যোগাযোগ করে মৎস্যচাষীদের কি পরিমাণ ক্ষতি হয়েছে, তার তালিকা করার জন্য তিনি সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে নির্দেশ প্রদান করেন। বন্যা কবলিত এলাকায় পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট বিতরণের জন্য সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)কে নির্দেশ প্রদান করেন। যে সকল এলাকা বন্যা আক্রান্ত হবে সে সকল এলাকার প্রাথমিক বিদ্যালয়সমূহ বন্ধ করে সেগুলোকে আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহারের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে নির্দেশ প্রদান করেন। তিনি বাজিতপুরের সকল জনপ্রতিনিধিগণকে নিজ নিজ এলাকায় সজাগ দৃষ্টি রাখতে বলেন এবং সকল সমস্যা উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করেন। এছাড়াও তিনি হিলচিয়া ইউনিয়নের যে ব্রীজ নাজুক অবস্থায় রয়েছে, তা পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে নির্দেশ প্রদান করেন। তিনি সকলকে ধন্যবাদ জানিয়ে তাঁর বক্তব্য শেষ করেন।

পরিশেষে সভাপতি বলেন যে, আসন্ন বন্যা পরিস্থিতির জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়ের নির্দেশনা অনুযায়ী সকলকে প্রস্তুত থাকতে অনুরোধ জানান। তাছাড়া উপজেলায় যে সকল কার্যক্রম অর্থবছর সংশ্লিষ্ট; সে সকল কার্যক্রম জুন ২০২২ মাসের মধ্যেই সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তাছাড়া এলাকার সার্বিক কর্মকান্ডে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে সম্পৃক্ত করার জন্য তিনি সকলকে অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/৬/২২

মোঃ রকিবুল হাসান শিবলী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাজিতপুর, কিশোরগঞ্জ

স্মারক নং- ০৫.১২.৪৮০৬.০০০.০৩.০০৭.১৪- ৪৭৫ তারিখঃ ১৯.০৬.২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ-

১. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা- ১৬৬, বাজিতপুর-নিকলী, কিশোরগঞ্জ-৫ ।

৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪. মহাপরিচালক, মনিটরিং, ইন্সপেকশন ও ইভ্যালুয়েশন উইং, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

৬. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।

৭. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কিশোরগঞ্জ।

৮. সিভিল সার্জন, কিশোরগঞ্জ।

৯. নির্বাহী প্রকৌশলী (বিউবো), কিশোরগঞ্জ।

১০. মেয়র, বাজিতপুর পৌরসভা।

১১. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, বাজিতপুর উপজেলা পরিষদ।

১২. উপজেলা ................................ কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ।

১৩. চেয়ারম্যন, ইউনিয়ন পরিষদ (সকল), বাজিতপুর, কিশোরগঞ্জ।

১৪. জনাব ..........................................................................

১৯.০৬.২২

মোছাঃ মোরশেদা খাতুন
উপজেলা নির্বাহী অফিসার
বাজিতপুর, কিশোরগঞ্জ।